

নির্দিষ্টকরণ আইন, ২০০৩

(২০০৩ সনের ১৮ নং আইন)

২০০৪ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বত্সরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন।

যেহেতু ২০০৪ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বত্সরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত

শিরোনামা ও

প্রবর্তন

১। (১) এই আইন নির্দিষ্টকরণ আইন, ২০০৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১লা জুলাই, ২০০৩ ইং তারিখে কার্যকর হইবে।

২০০৩-০৪

অর্থ-

বত্সরের

জন্য সংযুক্ত

তহবিল

হইতে

৬৫৫৫৮,১৯,০৯,০৯০০০০ ব্যয়যোগ্য হইবে।

টাকা

উত্তোলন

২। ২০০৪ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বত্সরে যেই সকল ব্যয় হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২-এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫-এ উল্লিখিত পঁয়ষট্টি হাজার পাঁচশত আটান্ন কোটি উনিশ লক্ষ নয় হাজার টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয়

নির্দিষ্টকরণ

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০০৪ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বত্সরে তফসিলের কলাম ২-এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫-এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।